সাংবাদিকদের সাথে ঝিনাইদহের নবাগত পুলিশ সুপারের মতবিনিময়

ঝিনাইদহে কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন নবাগত পুলিশ সুপার আজিম-উল-আহসান।

বুধবার (২আগস্ট) সকালে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সেসময় পুলিশ সুপার আজিম-উল-আহসান, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, ইমরান জাকারিয়া, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মীর আবিদুর রহমান, ডিআইও ওয়ান আতিকুর রহমান, সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা, ডিবি ওসি শাহীন উদ্দিনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, নিজাম উদ্দিন জোয়ারদারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

নবাগত পুলিশ সুপার আজিম-উল-আহসান, ঝিনাইদহ থেকে মাদক, সন্ত্রাস, আত্মহত্যা, কিশোরগ্যাং, সুদে কারবারীসহ সকল প্রকার অন্যায় অপরাধ দুর করতে পুলিশ বিভাগকে সহযোগিতা করার আহ্বান জানান। সাংবাদিকদের প্রশ্নের জবাব দিতে গিয়ে তিনি সকলের প্রচেষ্টা এবং সময় কার্যকরি উপদেশকে কাজে লাগিয়ে ঝিনাইদহকে ভালো রাখতে চাই। সামাজিক নানান সমস্যা সামাজিক আন্দোলনের মাধ্যমেই সমাধান করার চেষ্টা করতে হবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

গাংনীতে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মতবিনিময় সভা

‘নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ’ প্রতিপাদ্য নিয়ে উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটি ও গণমাধ্যমকর্মীদের সাথে মতবিনিময় সভার মধ্যে দিয়ে মেহেরপুরের গাংনীতে মৎস্য সপ্তাহ-২০২৩

এর উদ্বোধন করা হয়েছে।
আজ সোমবার (২৪ জুলাই) সকাল সাড়ে ১০ টার সময় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে গাংনী প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমানের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, জাতীয় সংদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতু, গাংনী উপজেলা সমাজ সেবা অফিসার আরশাদ আলী, পল্লী উন্নয়ন অফিসার শাহ আলম, গাংনী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, যুব উন্নয়ন অফিসার আসাদুজ্জামান প্রমুখ।
মতবিনিময় সভার শুরুতে মৎস্য সপ্তাহের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে শুভেচ্ছা বক্তব্য রাখেন, উপজেলা মৎস্য অফিসার খোন্দকার শহিদুর রহমান।

মৎস্য সম্পদের সুরক্ষা ও সমৃদ্ধি অর্জনে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহিত কার্যক্রম বিষয়ে মতবিনিময় করা হয়। এসময় মৎস্য সপ্তাহের কর্মসূচি ঘোষনা করেন।
কর্মসূচির মধ্যে রয়েছে, মৎস্যচাষে উদ্বুদ্ধ করতে ব্যাপক প্রচার প্রচারণা, মাছের পোনা অবমুক্তকরণ, মাছ উৎপাদনে করণীয় বিষয় নিয়ে বক্তব্য উপস্থাপন করা হয়।
এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম , সাংবাদিক মাজেদুল হক মানিক প্রমুখ।

উপজেলা মৎস্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীসহ সভায় গাংনী উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটির সদস্যবৃন্দ এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ভারতীয় সহকারী হাই

কমিশনারের রাজনৈতিক ও গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময়

চুয়াডাঙ্গায় সফররত ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী মনোজ কুমার জেলার কেরু এ্যান্ড কোম্পানী গেষ্ট হাউস,ও কেরু ডিস্টিলারী বিভাগ রাজনৈতিক, সামাজিক ও গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময় করেছেন।

গত বুধবার (১৭ মে) সন্ধ্যা সাড়ে ৭টায় চুয়াডাঙ্গা সার্কিট হাউস মিলনায়তনে এক মতবিনিময় সভায় মিলিত হন তিনি। এর আগে বিকেল চারটায় চুয়াডাঙ্গা সার্কিট হাউজে এসে পৌঁছান ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী মনোজ কুমার।

চুয়াডাঙ্গা সার্কিট হাউজ মিলনায়তনে মতবিনিময় সভায় অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন, বাংলাদেশ আওয়ামী লীগ চুয়াডাঙ্গা জেলা শাখার সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক পৌরসভার মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন ও সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমগীর হান্নান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার সম্পাদক সরদার আল-আমিন, প্রেসক্লাবের সহ-সভাপতি কামাল উদ্দীন জোয়ার্দার ও সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সভাপতি ও দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও জিটিভির জেলা প্রতিনিধি রিফাত রহমান, চ্যানেল ২৪ ও দৈনিক যায়যায়দিন পত্রিকার স্টাফ রিপোর্টার রেজাউল করিম লিটন, দৈনিক আজকের পত্রিকার জেলা প্রতিনিধি মেহরাব্বীন সানভী, ব্যবসায়ী উত্তম কর্মকার প্রমুখ।

মতবিনিময় সভায় রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন স্বাধীনতা সংগ্রামে ভারতের অবদানের কথা স্মরণ করে জেলাবাসীর পক্ষ থেকে ধন্যবাদ জানান সহকারী হাইকমিশনার শ্রী মনোজ কুমারকে। তিনি বলেন, কুষ্টিয়ায় ভিসা সেন্টার করার জন্য ধন্যবাদ। এতে চুয়াডাঙ্গাবাসীরা উপকৃত হচ্ছে।

সভায় উপস্থিত রাজনৈতিক, সামাজিক ও সাংবাদিক নেতারা ভারতীয় সহকারী হাইকমিশনারের উদ্দেশ্যে বলেন, ভিসায় প্রবেশের জন্য আরও কয়েকটি

চেকপোস্টের নাম একসঙ্গে যুক্ত করা বা অনুমতি পাওয়া গেলে সুবিধা হতো। বন্ধু দেশে একটু বেশিই সুবিধার আশা রাখি। চুয়াডাঙ্গার দর্শনা ও ভারতের গেদে ইমিগ্রেশন পর্যন্ত যাত্রীদের পৌঁছুতে আধা কিলোমিটার হেঁটে যেতে হয়। বৃষ্টি ও গরমের সময় এটি অত্যন্ত কষ্টদায়ক। এই সমস্যা সমাধানে চেকপোস্ট কিছুটা এগিয়ে আনা যায় কিনা সেটা দেখা জরুরী।

মতবিনিময়ে বক্তারা বলেন, চুয়াডাঙ্গা কৃষি নির্ভর জেলা। বিভিন্ন প্রজাতের নানান ফলের চাষ এ জেলায় হচ্ছে। সে কারনে কৃষি বেজে কোনো বড় প্রতিষ্ঠান এই অঞ্চলে বিনিয়োগ করে কারখানা করলে জীবনমানের উন্নয়ন আরও বাড়বে। এ সময় নেতৃবৃন্দরা বিভিন্ন বিষয়ের ওপর গুরুত্বারোপ করেন।

ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী মনোজ কুমার আলোচনায় উঠে আসা গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে কাজ করার জন্য আশ্বস্ত করে বলেন, আপনাদের সঙ্গে কথা বলে ভালো লাগলো। অনেক দারুণ দারুণ পরামর্শ পেয়েছি। আমি আমাদের ভারত সরকারকে আপনাদের মতামত গুলো জানাবো।ভারতীয় হাই কমিশনার শ্রী মনোজ কুমার বৃহস্পতিবার সকাল ১০ টায় চুয়াডাঙ্গা থেকে দর্শনা কেরু এ্যান্ড কোম্পানী পরিদর্শন করে।

এ সময় তিনি কেরু ডিষ্টিলারী বিভাগ কেরুর পাইপ লাইন পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন দর্শনা থানার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, দর্শনা কেরুজ প্রশাসন বিভাগের এ ডি এম ইউসুফ আলী,দর্শনা কেরুজ ষ্টোর কিপার ইনচার্জ লিংকন ঢালী।পরিদর্শন শেষে ডিসি ইকোপার্ক ঘুরে তিনি বিদায় নেন।

গাংনীতে‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট বাস্তবায়ন

কমিটির সাথে ইউপি চেয়ারম্যানদের মতবিনিময়

‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ বাস্তবায়নে গাংনীতে ইউপি চেয়ারম্যান ও প্রবীণ ফুটবল খেলোয়াড়দের সাথে প্রস্তুতিমুলক সভা করেছে টুর্ণামেন্ট আয়োজক কমিতি।

আজ মঙ্গলবার বিকেলে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির আহবানে প্রস্তুতিমুলক মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন গাংনী উপজেলার কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ,রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক।

দৈনিক মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্টের আয়োজক কমিটির আহবায়ক ও মেহেরপুরের প্রাক্তণ ফুটবল খেলোয়াড় এমদাদুল হক,সদস্য সচিব মাহাবুব চান্দু,সদস্য আমিরুল ইসলাম অল্ডাম,আজমাইন হোসেন,মনিরুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু বলেন,ফুটবল মানুষের প্রাণের খেলা। গ্রাম গঞ্জের মানুষ ফুটবল খেলাকে এখনও হৃদয়ে লালন করে। কিন্তু বর্তমান সময়ে তরুণ ও যুব সমাজ আনন্দদায়ক খেলা থেকে সময় পরিবর্তনের সাথে সাথে মুখ ফিরিয়ে নিচ্ছে। বিভিন্ন নেশায় আসক্ত হয়ে ধ্বংশ হচ্ছে যব সমাজ। যুব সমাজকে আবারও ফুটবলের দিকে ফিরিয়ে আনতে এবং মাদক থেকে দুরে রাখতে মেহেরপুর জেলার একমাত্র সরকার অনুমোদিত আঞ্চলিক পত্রিকা দৈনিক মেহেরপুর প্রতিদিন বর্ণাঢ্য ও ব্যাতিক্রমধর্মী ফুটবল টুর্ণামেন্টের আয়োজন করেছে। এ টুর্ণামেন্ট মেহেরপুর জেলার ১৮টি ইউনিয়ন ও দুইটি পৌরসভাসহ মোট ২০ দল অংশ গ্রহন করবে। খেলাটি নির্ভুল ও সকলের কাছে গ্রহনযোগ্যতা ও স্বচ্ছতার নিমিত্তে বিভিন্ন ক্যামেরার মাধ্যমে রিপ্লে সম্প্রচার করবে।

দৈনিক মেহেরপুর প্রতিদিনের এই আয়োজন মেহেরপুর জেলার সব প্রান্ত থেকে টুর্ণামেন্টে অংশগ্রহনকারি বিজয়ীদের জন্য থাকবে জন্য থাকবে

পুরুস্কার। খেলায় প্রতিযোগীদের মধ্যে কেউ জেলার বাইরে থেকে অংশ গ্রহন করতে পারবেনা। এমনকি ভিন্ন জেলা থেকে কোন খেলোয়াড় অংশ গ্রহন করতে পারবেনা।

দৈনিক মেহেরপুর প্রতিদিন পরিবারের এমন আয়োজনকে স্বাগত জানিয়ে ইউপি চেয়ারম্যানবৃন্দরা জানান, সময় উপযোগী পদক্ষেপ নিয়েছে দৈনিক মেহেরপুর প্রতিদিন কৃর্তপক্ষ। বর্তমান সময়ে যুব সমাজ মোবাইল গেমে আসক্ত হয়ে পড়েছে। বর্তমানে খেলাধুলা না করায় যুব সমাজ হচ্চে বিপথগামী। এসকল যুবকদের আবারও খেলাধুলায় আগ্রহী করে তুলতে মেহেরপুর প্রতিদিন কতৃপক্ষ সময় যুগপোযোগী পদক্ষেপ নিয়েছে। আমরা সকলেই এই টুর্ণামেন্টে অংশ গ্রহন করে মেহেরপুর জেলাবাসীকে উপহার দিতে চাই একটি উত্তেজনাকর ও স্বরণীয় ফুটবল টুর্ণামেন্ট।

গাংনী উপজেলার সর্বস্তরের মানুষের সাথে নবাগত জেলা প্রশাসকের মতবিনিময়

মেহেরপুরের গাংনী উপজেলার সরকারী কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, রাজনীতিবীদ, সাংবাদিক ও সুধীজনদের সাথে মতবিনিময় করেছেন নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

আজ সোমবার (১০ এপ্রিল) ১১ টার সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এসভা অনুষ্ঠিত হয়। নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের স্বাগত বক্তব্যের মধ্যদিয়ে অনুষ্ঠান শুরু হয়।

উপজেলা প্রশাসন আয়োজিত মতবিনিময় সভায় উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতুর সভাপতিত্বে মত বিনিময় সভায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক, গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী, সাবেক সাংসদ বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, উপজেলা মুক্তিযোদ্ধা সাবেক কমান্ডার মুন্তাজ আলী, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, গাংনী

সরকারী ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ মনিরুল ইসলাম, গাংনী মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ খোরশেদ আলী, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন প্রমুখ।

এসময় গাংনী উপজেলা ভুমি কর্মকর্তা সহকারী কমিশনার(ভুমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরন্জন চক্রবর্তী,মৎস্য কর্মকর্তা খন্দকার সহিদুর রহমানসহ উপজেলার সকল কর্মকর্তাবৃন্দ, কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ, ষোলটাকা ইউপি চেয়ারম্যান আনোয়ার পাশা, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহাবুব আলম বক্তব্য রাখেন ।

মতবিনিময় সভায় বিভিন্ন মহলের কাছ থেকে মেহেরপুর তথা গাংনী উপজেলার উন্নয়ন ও সম্ভাবনার কথা শোনেন। জেলা বাসীর সহযোগীতা নিয়ে মেহেরপুরের উন্নয়ন আরও গতিশীল করতে এবং বর্তমান সরকারের উন্নয়ন মানুষের দৌর গোড়ায় পৌছে দেয়ার প্রত্যয় ব্যাক্ত করেন। একই সাথে স্মার্ট বাংলাদেশ গড়তে স্বস্ব অবস্থান থেকে সহযোগীতা কামনা করেন তিনি।

মেহেরপুরে সাংবাদিকদের সঙ্গে নবাগত জেলা প্রশাসকের মতবিনিময়

মেহেরপুর জেলায় কর্মরত গণমাধ্যমকর্মী এবং সাংবাদিকবৃন্দের সঙ্গে নবাগত জেলা প্রশাসক সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৬ই এপ্রিল) জেলা প্রশাসকের সভাকক্ষে নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপ-পরিচালক স্থানীয় সরকার মৃধা মো.মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাসসহ বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট

মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতেই নবাগত জেলা প্রশাসকের স্বাগত বক্তব্যের পর সাংবাদিকদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি ও যুগান্তরের সাংবাদিক তোজাম্মেল আযম, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও ইত্তেফাকের সাংবাদিক মাহাবুব চান্দু, জিটিভির জেলা প্রতিনিধি রফিকুল আলম, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও কালেরকন্ঠের সাংবাদিক ইয়াদুল মোমিন, বাসসের সাংবাদিক দিলরুবা খাতুন, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা, আরটিভির সাংবাদিক মাজেদুল হক মানিক, চ্যানেল টুয়েন্টিফোরের স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান সহ প্রমুখ।

এসময় জেলার উন্নয়ন, সম্ভাবনা ও সমস্যা গণমাধ্যমে তুলে ধরতে সাংবাদিকদের সার্বিক সহোযোগিতা ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশের কথা তুলে ধরা হয়।

আলমডাঙ্গায় নবাগত ওসির সাথে সাংবাদিকদের মতবিনিময়

থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার নাথের সাথে আলমডাঙ্গা প্রেসক্লাবের সাংবাদিক নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১ টায় আলমডাঙ্গা থানায় ওসির অফিস কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন- আলমডাঙ্গা প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি রহমান মুকুল, যুগ্ন-সাধারণ সম্পাদক প্রশান্ত বিশ্বাস, ফিরোজ ইফতেখার, সাংবাদিক শরিফুল ইসলাম রোকন, তানভির সোহেল, নাহিদ হাসান, নাসির উদ্দীন, রানা মাহমুদ প্রমূখ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে নবাগত ওসি বিপ্লব কুমার নাথ বলেন,

সাংবাদিকরা সমাজের দর্পণ। পুলিশ ও সাংবাদিক কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করলে সমাজ থেকে মাদক, সন্ত্রাস, ধর্ষণ, নারী নির্যাতন, বাল্যবিবাহ, চাঁদাবাজিসহ সব অপরাধ কমে যাবে। পুলিশ সাংবাদিক এক হয়ে কাজ করলে সমাজ থেকে বেশিরভাগ অপরাধ নির্মূল করা সম্ভব হবে।

অপরদিকে সাংবাদিকরা বলেন, সাংবাদিক পুলিশ প্রকৃত অর্থে দেশ তথা জাতির মঙ্গল কামনায় কাজ করলে দেশ সোনার বাংলায় পরিণত হবে। সাংবাদিকের হাতে কোনো অস্ত্র নেই, একটি কলম পকেটে নিয়ে ২৪ ঘন্টা যেন অতন্দ্র প্রহরীর ন্যায় মানুষের সেবায় কাজ করে থাকে।

দামুড়হুদায় সুধীজনদের সাথে নবাগত নির্বাহী অফিসারের মতবিনিময়

দামুড়হুদা উপজেলার নবাগত নির্বাহী অফিসারের সাথে সুশীল সমাজের নেতৃবৃন্দের মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে মতবিনিময় অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, মেগা প্রকল্প থেকে শুরু করে দেশে উন্নয়ন অনেক হয়েছে। উন্নয়ন কার্যক্রম এগিয়ে নেয়ার পাশাপাশি স্বচ্চতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন, রমজান মাস আগত। রমজান মাসকে সামনে রেখে অসাধু ব্যবসায়ীরা দ্রব্যমূল্যের দাম বাড়িয়ে দেয়। যা খুশি তাই করে। বিষয়টি কড়া নজরদারি করতে হবে। সরকারি সেবা নিশ্চিত করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষনাকে মনে প্রাণে ধারণ করে সকলের সম্মিলিত প্রচেষ্টায় বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে হবে।

দামুড়হুদা উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মতবিনিময় সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর

বাবু, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম।

এছাড়াও বক্তব্য রাখেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা ইউপি চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি অ্যাড, রেজাউল হক রেজা, সাধারণ সম্পাদক আবু তালেব, দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক, নাটুদহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হামিদুল্লাহ বিশ্বাস, সাধারণ সম্পাদক রেজাউল করিম, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম, নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, উপজেলা শ্রমিক লীগের সভাপতি হাজি আব্দুল কাদির, বিটিভি চুয়াডাঙ্গা প্রতিনিধি রাজন রাশেদ, আওয়ামী লীগ নেতা সেলিম উদ্দিন বগা, দর্শনা ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আবু ফয়সাল, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন, যুবলীগ নেতা এসএম মহসিন, হযরত আলী, হায়দার আলী, হাফিজুর রহমান, হাবিবুর রহমান হাবীব, হাতেম আলী, শাহীন মোল্লা প্রমূখ।

অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন-অর রশীদ।

চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশনের প্রধান নির্বাহীর সাথে যুবদের মতবিনিময়

চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশনের প্রধান নির্বাহী পরিচালক মহসিন আলীর সাথে ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন প্রকল্পের আওতাধীন যুবদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা দুইটার সময় ওয়েভ ফাউন্ডেশনের ট্রেনিং সেন্টারে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় ইয়ুথ লিডারশীপ ও যুব নেতৃত্ব এবং সামাজিক ব্যবসা উদ্যোক্তা তৈরিকৃত প্রজেক্টের আওতাধীন লিড বাংলাদেশ প্রকল্পের যুবক-যুবতী, ওয়েভ ফাউন্ডেশনের যুব নেতৃত্ব বিকাশিত করার সংগঠন ইয়ুথ অ্যাসেম্বলির যুবক-যুবতী এবং ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন প্রজেক্টের যুব প্রধানগণ উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

এ সময় ওয়েভ ফাউন্ডেশনের প্রধান নির্বাহী পরিচালক মহসিন আলী যুবদের উদ্দেশ্য বলেন, যুব সমাজ একটা দেশের প্রধান চালিকাশক্তি । ২০৪১ সালে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে। আর এই অগ্রযাত্রায় কাণ্ডারি হবে দেশের যুবসমাজ। তরুণরাই দেশকে উন্নত অবস্থানে নিয়ে যেতে পারে। মাদক ও জঙ্গিবাদ যেন যুবসমাজকে বিপথগামী না করে সেদিকে নজর দেওয়া প্রয়োজন।

তিনি আরও বলেন, ওয়েভ ফাউন্ডেশন বিভিন্ন ট্রেডে যুবক ও যুব মহিলাদের প্রশিক্ষণ দেয়। সময়ের সঙ্গে প্রশিক্ষণে প্রোগ্রামিং ও ফ্রিল্যান্সিংয়ের মতো আধুনিক বিষয় যুক্ত হয়েছে।

মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের উপ- নির্বাহী পরিচালক নাফিসা আলী,উপ-পরিচালক জহির রায়হান, সহকারী পরিচালক কিতাব আলী,সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, সিনিয়র সমন্বয়কারী আব্দুস সালাম, এ্যাডভাইজার আব্দুস শুকুর, লিড বাংলাদেশ প্রকল্পের কো-অর্ডিনেটর শরিফুল আলম লিটন,ইয়ুথ লিডার মাহাবুব, প্লাবনি, সংগ্রাম ও সাকিব সহ ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা বৃন্দ।

গাংনী প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে এমপি খোকনের মতবিনিময়

গাংনী প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

মঙ্গলবার সন্ধায় গাংনী প্রেসক্লাবে এসে তিনি সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন। মেহেরপুরের গাংনীস্থ নির্বাচনী এলাকায় আওায়ামীলীগ সরকারের উন্নয়ন কর্মকান্ড তুলে ধরেন তিনি। এছাড়াও গাংনীর চলমান উন্নয়ন কাজের অগ্রগতি নিয়েও আলোচনা করা হয়। আগামীতে গাংনী উপজেলার আরও উন্নয়ন করার লক্ষে বিভিন্ন দিক নির্দেশনা নিয়েও কথোপকথন হয়।

গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজার সভাপতিত্বে বক্তব্য রাখেন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম,সহ-সভাপতি মজনুর রহমান আকাশ,আরটিভি ও খোলা কাগজ প্রতিনিধি মাজেদুল হক মানিক।

এসময় যুগ্ম সাধারণ সম্পাদক জুরাইসইসলাম,দৈনিক ইন্টারন্যাশনাল পত্রিকার প্রতিনিধি জিনারুল ইসলাম,বাংলা টিভি ও মানবকন্ঠ প্রতিনিধি আক্তারুজ্জামান, লাখোকন্ঠ প্রতিনিধি রফিকুল আলম বকুল,খোলা কাগজ প্রতিনিধি ও মেহেরপুর চোখের বার্তা সম্পাদক মীর শামিম, আজকের মেহেরপুর এর প্রতিনিধি শাহিন আহাম্মেদ, দৈনিক স্বাধীন মত পত্রিকার প্রতিনিধি আব্দুল আলীমসহ প্রেসক্লাবের সকল সদস্যবৃন্দ।

সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, সংসদ সদস্যের ব্যাক্তিগত সহকারী সবুজ আহাম্মেদ, পৌর ওয়ার্ড কাউন্সিলর মোতালেব হোসেন, আওায়ামীলীগ নেতা মনিরুজ্জামান মাস্টার, আবুল বাসার প্রমুখ।